মা-বাবা এবং কেয়ারার-দের
জন্য বাংলা ভাষায় নোটগুলি

WORKaBOOK®

Workabooks কী?
প্রাইমারী স্কুলে হোমওয়ার্ক করার জন্য আপনার ছেলেমেয়ের যা দরকার তার সবকিছুই Workabook-গুলিতে আছে। প্রতিটি Workabook-এ একটি বিষয়ে, সারা স্কুল বছরের হোমওয়ার্ক আছে।

Workabook হোমওয়ার্ক, ক্লাসের কাজেরই একটি সংযোজন এবং ন্যাশানাল কারিকুলাম বা জাতীয় পাঠ্যক্রমের উপর ভিত্তি করে এটা তৈরি করা হয়েছে। Workabook হোমওয়ার্কের ভিত্তি হল তিনিটি আলাদা প্রকারের হোমওয়ার্ক কার্যকলাপ: শিক্ষা, অভ্যাস, চিন্তাভাবনা।

শেখার অনুশীলনী
এগুলির মধ্যে রয়েছে সারা বছরে আপনার ছেলেমেয়ের যা শেখা উচিত। কিছু কিছু, যেমন গুণের নামতা এবং শব্দের তালিকাগুলি মুখস্ত করতে হবে। এই পৃষ্ঠাগুলির কোণাগুলি নীল রং (অঙ্ক) অথবা কমলা রং (ইংরেজী) দ্বারা চিহ্নিত করা হয়েছে।

শেখার এক্সারসইজ বা অনুশীলনীর জন্য পুনরাবৃত্তি অপরিহার্য এবং স্কুলে যাওয়া আসার পথে আপনি নামতার মত পরীক্ষাগুলি করতে পারেন।

অভ্যাসের অনুশীলনী
শিক্ষাকে জোরদার করার জন্য ব্যবহারের অনুশীলনীগুলি পরিকল্পনা করা হয়েছে। কমলা রং (অঙ্ক) অথবা বেগুনী রং (ইংরেজী) দ্বারা চিহ্নিত পৃষ্ঠাগুলিতে আপনি এসব দেখতে পাবেন। এগুলিতে তিনটি ভিন্ন লেভেল বা ধাপে নির্দিষ্ট করা হয়েছে:

- লেভেল A: প্রাথমিক দক্ষতা অর্জন করার জন্য;
- লেভেল B: জাতীয় প্রত্যাশা ছুঁতে পারা এবং তা নিশ্চিত করার জন্য;
- লেভেল C: কিছু চ্যালেঞ্জ ছুঁড়ে দেওয়ার জন্য।

এই নমনীয়তা সব ছেলেমেয়েদের কৃতিত্ব অর্জনে ও উন্নতিবর্ধনে সক্ষম করে। সাধারণত শিক্ষকই ঐ লেভেল বেছে দেবেন, কিন্তু আপনার ছেলেমেয়ে যদি পরবর্তী উঁচু লেভেলটি চেষ্টা করতে চায়, তবে তা করায় তাদের উৎসাহ দিন!

চিন্তা ভাবনার কাজগুলি
চিন্তাভাবনার কাজগুলি দেখায় কীভাবে প্রতিদিনের জীবনে অঙ্ক এবং ইংরেজীকে ব্যবহার ও প্রয়োগ করা যাবে। এগুলি সবুজ রং (অঙ্ক) এথবা লাল রং (ইংরেজী) দিয়ে চিহ্নিত করা আছে। শেখা এবং অভ্যাসের অনুশীলনী থেকে যে দক্ষতা হয়েছে এগুলি তা ব্যবহার করে।

Workabook-এ নিম্নোক্তগুলিও আছে:

- একটি ***ছোটো অভিধান*** যার মধ্যে রয়েছে সারা বছরের প্রয়োজনীয় শব্দ ভাণ্ডার। স্পষ্টভাবে বোঝার ক্ষমতার বৃদ্ধির জন্য ছেলেমেয়েরা সারা বছর জুড়ে এটা ব্যবহার করতে পারে;
- ***ধূসর রংয়ের পৃষ্ঠাগুলি*** কিছু লিখে রাখা বা অন্যান্য বিশেষ কাজের জন্য;
- একটি ***কৃতিত্বের*** পৃষ্ঠা যা ছেলেমেয়েদের উৎসাহ দেবে তাদের Workabook সম্পূর্ণ করতে;
- ইংরেজীর জন্য, একটি ***রিডিং রেকর্ড*** পৃষ্ঠা যা পড়ার জন্য উৎসাহ প্রদান করবে;
- অঙ্কের জন্য, ***রেফারেন্স-এ*** থাকবে অতিরিক্ত তথ্য ও সহায়তা কারী নথিপত্র।

শুরু করা
সাধারণত প্রতি সপ্তাহে হোমওয়ার্ক স্থির করা হবে। ক্লাসে, কী কাজ তাদের করতে বলা হয়েছে তা আপনার ছেলেমেয়ে Workabook-এ লিখে রাখবে। আপনার ছেলেমেয়ে যখন হোমওয়ার্ক করতে শুরু করে, তখন তাদের কী কী করতে হবে তা পরীক্ষা করুন। আপনার সাহায্য ছাড়াই তাদের হোমওয়ার্ক করার চেষ্টা করা উচিত, কিন্তু যখন প্রয়োজন হয় তখন আপনি সাহায্য ও সহযোগিতা করতে পারেন।

বিশ্রামের জন্য যেন কিছু থাকে তা নিশ্চিত করুন, এবং পেনসিল দিয়ে কাজ করতে বলুন – যাতে করে সহজেই ভুল সংশোধন করা যায়!

অধিকাংশ অনুশীলনী একটি সেশন বা বৈঠকে করা যায় তবে চিন্তাভাবনার কাজে এমন কিছু করতে হতে পারে যাতে হয়ত কয়েকদিন সময় লাগতে পারে, যেমন স্কুলে যেতে কতটা সময় লাগে তার রেকর্ড রাখা।

হোমওয়ার্ক-এর জন্য সঠিক পরিবেশ সৃষ্টি করা আপনার ছেলেমেয়েকে সাহায্যের একটি গুরুত্বপূর্ণ অংশ। এর মধ্যে আছে:

রুটিন
রুটিন গুরুত্বপূর্ণ তাই এটি নিয়মিত সময় বের করার চেষ্টা করুন যখন আপনার ছেলেমেয়ে খুব বেশি ক্লান্ত নয়, যেমন সপ্তাহান্তের কোনো সকাল। এটা এমন সময়ে হওয়া উচিত যখন আপনি কাছাকাছি থাকতে পারবেন এবং প্রয়োজনে সাহায্য করতে পারবেন।

মনোযোগ নষ্ট
আপনার ছেলেমেয়ের হোমওয়ার্ক করার জন্য মোটামুটি নিরিবিলি কোনো জায়গা বেছে নেওয়ার চেষ্টা করুন। এ জায়গাটা যথেষ্ট আলোকিত হওয়া উচিত এবং যেন আগোছালো না হয়। হোমওয়ার্ক করার সময় বাড়ির অন্য কাউকে আপনার ছেলেমেয়ের মনোযোগ নষ্ট না করায় উৎসাহ দিন!

© PSHB Co Ltd 2005, 2014

মৌলিক প্রয়োজন
হোমওয়ার্ক করতে বসার সময় আপনার ছেলেমেয়ে যেন ক্লান্ত, ক্ষুধার্ত, পিপাসার্ত, শীতকাতর অথবা বিরক্ত বোধ না করে তা নিশ্চিত করুন। এগুলি মনোযোগ দেওয়া ও শেখায় বাধা সৃষ্টি করে।

যখন আপনার ছেলেমেয়ে কাজ শেষ করে, তখন এটা সম্পন্ন করা হয়েছে তা দেখানোর জন্য হোমওয়ার্ক-এ স্বাক্ষর করা উচিত। মা-বাবা/কেয়ারার-এর মন্তব্যের বাক্সে স্বাক্ষর করুন, তারপর নিচের যে কোনো একটি বাক্সে টিক দিন:

- ***সাহায্য নিয়ে*** হোমওয়ার্ক করার সময় যদি আপনার ছেলেমেয়ের সাহায্যের দরকার হয়;
- ***একা*** যদি আপনার ছেলেমেয়ে একাই কাজটি করে থাকে;
- ***আত্মবিশ্বাসের সঙ্গে*** যদি আপনার ছেলেমেয়ে একাই আত্মবিশ্বাসের সঙ্গে কাজটি করে থাকে।

এছাড়াও শিক্ষকের কাছে আপনার কোনো মন্তব্য লেখার জন্য জায়গা আছে – যেমন কোনো অসুবিধা কিংবা বিশেষ কৃতিত্ব সম্পর্কে জানানোর জন্য। সবশেষে, সঠিক দিনে যেন এই বইটা স্কুলে ফিরে যায় তা নিশ্চিত করুন।

আপনি কীভাবে সাহায্য করতে পারেন – প্রশংসা করুন এবং উৎসাহ দিন
একজন মা-বাবা/কেয়ারার হিসাবে আপনার ছেলেমেয়ের আত্মবিশ্বাস বৃদ্ধিতে আপনার প্রচুর ক্ষমতা রয়েছে – এবং শেখার ক্ষেত্রে আত্মবিশ্বাস অপরিহার্য।

যে হোমওয়ার্ক স্থির করা হয়েছে তা করার জন্য আপনার ছেলেমেয়েকে উৎসাহ দিয়ে আপনি পরিবর্তন ঘটাতে পারেন। আপনার সব প্রশ্নের উত্তর জানার দরকার নেই – আপনি যে তাদের কাজ সম্পর্কে জানায় আগ্রহী তা দেখানো আরও গুরুত্বপূর্ণ!

হোমওয়ার্ক সম্পর্কে যদি আপনার ছেলেমেয়ে অনিশ্চিত হয়, তবে তাদের সঙ্গে কাজটি পড়ুন এবং এই ধরনের ‘সাহায্যকারী’ প্রশ্ন করুন, যেমন:

- ***তুমি কী করছ তা কি আমায় বুঝিয়ে বলতে পার?***
- ***তুমি কীভাবে এটা করবে?***
- ***কী করতে হবে তা তুমি কী করে জান?***
- ***জানতে হলে তোমার কী করা দরকার?***

আপনি যখন হোমওয়ার্ক নিয়ে আপনার ছেলেমেয়ের সঙ্গে এভাবে আলোচনা করেন তখন তারা তাদের ‘শিক্ষকের’ ভূমিকা নিতে পারে এবং কী আশা করা হচ্ছে তা আপনাকে বুঝিয়ে বলতে পারে। এটা নিজেই গুরুত্বপূর্ণ হতে পারে।

সাহায্য, প্রশংসা এবং উৎসাহ দেওয়ার ব্যাপারে উদার হন! সুনির্দিষ্টভাবে প্রশংসা করার চেষ্টা করুন যা তাদের নির্দিষ্ট একটি কাজের দিকে বিশেষ নজর দেয়, এমন কিছু বলে: ‘আমি পছন্দ করি তুমি যেভাবে…’; এবং আপনার ছেলেমেয়েকে তাদের কাজে সত্যিকারের গর্ব বোধ করতে উৎসাহ দিন।

যদি আপনার কাছে সময় কম থাকে, তবে হোমওয়ার্কের জন্য সাহায্য ও সহায়তা দিতে পারেন অন্য কোনো বিশ্বস্ত ব্যক্তি – এটা হতে পারে দাদা, দিদি, দাদু-ঠাকুমা-দিদিমা অথবা প্রতিবেশি; সবসময়েই যে তিনি একি ব্যক্তি হবেন তার কোনো মানে নেই।

স্কুল ও বাড়ি উভয়কে শিক্ষার যৌথ দায়িত্ব নিতে হবে এবং হোমওয়ার্ক আপনার ছেলেমেয়ের জীবনের এই দুটি ক্ষেত্রের মধ্যে সেতু হিসাবে কাজ করতে পারে। স্কুলের সঙ্গে একত্রে মিলে কাজ করলে, আপনি আপনার ছেলেমেয়ের জীবনে সত্যিকারের পরিবর্তন আনতে পারেন।

বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: www.workabook.co.uk

অনুবাদ ও টাইপসেটিং: worldaccent.com

© PSHB Co Ltd 2005, 2014